Word Perfect Translations
The translation & interpreting experts

**Dublin Office:**
**22 Upper Ormond Quay,**
**Dublin 7, Ireland**
**Ph: +353 (0)1 872 0008**
**Fax: +353 (0)1 874 8032**
**E-mail: translations@wordperfect.ie**
**Web: www.wordperfect.ie**

**Cork Office:**
**14 Penrose Wharf,**
**Cork, Ireland**
**Ph: +353 (0) 21 4861404**
**Fax: +353 (0) 21 4861303**
**Lo-call: 1890 707 707 (24hrs)**
**E-mail: cork.translations@wordperfect.ie**

**International Protection Office**
**Irish Naturalisation and Immigration Service**
**79-83 Lower Mount St.**
**Dublin 2, D02ND99**

**Tuesday, 02 October 2018**

***To Whom It May Concern:***

This is to certify that the English to Bengali translation, reference "GDPR Privacy Notice -IPO (PP) 52 Rev 1"is a true & accurate translation. It reflects the writing style, punctuation and phrase structure used in the original text.

Yours sincerely,

_______________

Translation PM
Word Perfect Translations

## আন্তর্জাতিক সুরক্ষা অফিস

## সাধারণ তথ্য সুরক্ষা আইন
## গোপনীয়তা বিজ্ঞপ্তি

1. আইরিশ জাতীয়তা ও অভিবাসন পরিষেবা (INIS) (বিচার ও সমতা বিভাগ এর একটি অংশ) এর আন্তর্জাতিক সুরক্ষা অফিস (IPO) আপনার প্রদত্ত তথ্য সংগ্রহ করছে। তথ্য নিয়ন্ত্রণকারীর সাথে যোগাযোগের ঠিকানা:

**International Protection Office**
**Irish Naturalisation and Immigration Service**
**79 – 83 Lower Mount Street**
**Dublin 2**
**D02 ND99**

2. আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য যোগ্য কিনা তা মূল্যায়ন করতে এবং যদি যথার্থ হয়, প্রাসঙ্গিক সংবিধিবদ্ধ কাঠামো অনুযায়ী আপনাকে প্রাথমিক বিবেচনায় রেখে দেয়ার অনুমতি দিতে আমরা হয়তো আন্তর্জাতিক সুরক্ষা অফিসকে দেয়া আপনার ব্যক্তিগত তথ্য ব্যবহার করতে পারি। এর মধ্যে *আন্তর্জাতিক সুরক্ষা আবেদনের জন্য প্রশ্নাবলী* (IPO 2) তে আপনার প্রদত্ত সব তথ্য এবং অন্যান্য যেকোনো রূপে ও মাধ্যমে IPO কে দেয়া সব তথ্য অন্তর্ভুক্ত থাকবে। যদি প্রয়োজন হয়, তাহলে আপনার অভিবাসন বা নাগরিকত্ব স্থিতি সম্পর্কিত ভবিষ্যতের যেকোনো বিবেচনার অংশ হিসেবে IPO 2 এবং সংশ্লিষ্ট চিঠিপত্রে আপনার প্রদত্ত যেকোনো ব্যক্তিগত তথ্য হয়তো IPO এবং আইরিশ জাতীয়তা ও অভিবাসন পরিষেবা/বিচার ও সমতা বিভাগ ব্যবহার করতে পারে।

3. এই তথ্য সংগ্রহ ও প্রক্রিয়াকরণের জন্য আমাদের আইনগত ভিত্তি নিচে দেয়া হলো:

   i. আন্তর্জাতিক সুরক্ষা আইন 2015 এবং এর অধীনে প্রণীত আইনসমূহ
   ii. ইউরোপীয় ইউনিয়ন (ডাবলিন পদ্ধতি) আইন 2018
   iii. ইউরোপীয় সম্প্রদায়ের (সুরক্ষার জন্য যোগ্যতা) আইন 2006
   iv. সংশোধিত ইউরোপীয় ইউনিয়ন (সহায়ক সুরক্ষা) আইন 2013
   v. ইউরোপীয় ইউনিয়ন ডাবলিন আইন
   vi. ইউরোপীয় ইউনিয়ন ইউরোড্যাক আইন



4. ইউরোপীয় ইউনিয়ন ডাবলিন আইন এবং ইউরোপীয় ইউনিয়ন ইউরোড্যাক আইন পরিচালনাকারী

অন্যান্য রাষ্ট্রের সাথে তথ্য ভাগাভাগি করা হতে পারে যেখানে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার আবেদন এইসব ইউরোপীয় ইউনিয়ন আইনের আওতায় পড়ে।

5. প্রদত্ত সব ব্যক্তিগত তথ্য বিচার ও সমতা বিভাগের আইটি সার্ভারে নিরাপদে সংরক্ষণ করা হবে। আইরিশ জাতীয়তা ও অভিবাসন পরিষেবা/বিচার ও সমতা বিভাগের সাথে অভ্যন্তরীণভাবে তথ্য ভাগাভাগির পাশাপাশি, প্রযোজ্য ক্ষেত্রে তথ্য হয়তো অন্যান্য সরকারী অফিস/সংস্থার সাথে ভাগাভাগি করা হতে পারে যাদের মধ্যে আছে:

   a. এন গার্দা সিখানা
   b. আইনগত সহায়তা পরিষদ
   c. কর্মসংস্থান ও সামাজিক সুরক্ষা বিভাগ
   d. টুসলা (Tusla) – শিশু ও পরিবার সংস্থা
   e. স্বাস্থ্য সেবা নির্বাহী

   আমাদের অনুবাদ ও দোভাষী পরিষেবা প্রদানকারীর(দের) সাথেও তথ্য শেয়ার করা হতে পারে।

6. আন্তর্জাতিক সুরক্ষা প্রক্রিয়াকে সমর্থন করতে প্রদত্ত সব ব্যক্তিগত তথ্য জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাইকমিশনারের সাথে তাদের আদেশপত্র অনুযায়ী শেয়ার করা হতে পারে।
7. এই বিজ্ঞপ্তির সাথে সম্পর্কিত যেকোনো প্রশ্নের জন্য যোগাযোগের ঠিকানা হলো:

**International Protection Office**
**Irish Naturalisation and Immigration Service**
**79 – 83 Lower Mount Street**
**Dublin 2**
**D02 ND99.**

.

8. এই তথ্য বিচার ও সমতা বিভাগের সুরক্ষা নীতি এবং জাতীয় আর্কাইভ আইন 1986 এর শর্ত অনুযায়ী সংরক্ষণ করা হবে।
9. আপনি আমাদের কাছে সংরক্ষিত তথ্যের একটি অনুলিপি চাইতে পারেন। আপনি একটি অংশগ্রহণকারীর প্রবেশাধিকারের অনুরোধ (Subject Access Request) ফর্ম পূরণ করে অনুরোধটি করতে পারেন, যা এই লিঙ্কে যান- http://www.justice.ie/en/JELR/Pages/Data Protection অথবা বিচার ও সমতা বিভাগের যেকোনো পাবলিক অফিস থেকে ফর্মটি সংগ্রহ করে subjectaccessrequests@justice.ie ঠিকানায় ইমেইল করুন অথবা অনুচ্ছেদ 11 তে দেয়া বিচার ও সমতা বিভাগের তথ্য সুরক্ষা অফিসারের ঠিকানায় ফর্মটি ডাকযোগে পাঠাতে পারেন। যেকোনো তথ্য আপনাকে দেয়ার আগে আপনাকে আপনার পরিচয় প্রমাণ করতে হবে।

10. আপনার তথ্যে যেকোনো প্রকার ভুল থাকলে তা সংশোধন করার অধিকার আপনার আছে। কাজটি করতে আপনাকে কোন কোন ভুল সংশোধন করতে হবে তা উল্লেখ করে আইরিশ জাতীয়তা ও অভিবাসন পরিষেবার আন্তর্জাতিক সুরক্ষা অফিস বরাবর চিঠি দিতে হবে যাদের ঠিকানা উপরের অনুচ্ছেদ 1 এ উল্লেখ করা আছে।

11. প্রযোজ্য ক্ষেত্রে ভুল সংশোধন নিশ্চিত করা এবং/অথবা আপনার তথ্য প্রক্রিয়াকরণে বিধিনিষেধ আরোপ করার পাশাপাশি আপনার তথ্য প্রক্রিয়াকরণ প্রক্রিয়ার প্রতি অভিযোগ জানানোর অধিকার

আপনার আছে। পাশাপাশি, তথ্য সুরক্ষা কমিশন বরাবর অভিযোগ দায়ের করার অধিকার আপনার আছে। আপনার তথ্য সুরক্ষা অধিকার সম্পর্কিত বিস্তারিত বিষয় http://www.justice.ie/en/JELR/Pages/Data Protection লিঙ্কে দেয়া বিচার ও সমতা বিভাগের তথ্য সুরক্ষা নীতিতে পাওয়া যাবে।

আপনি বিচার ও সমতা বিভাগের তথ্য সুরক্ষা অফিসারের সাথে যোগাযোগ করতে পারেন নিচের ঠিকানায় ডাকযোগে:

**The Data Protection Officer**
**Department of Justice and Equality**
**51 St. Stephen's Green**
**Dublin 2**
**D02 HK52**

অথবা

ইমেইলের মাধ্যমে:
dataprotectioncompliance@justice.ie

12. এই গোপনীয়তা বিজ্ঞপ্তি তথ্য সুরক্ষার জন্য *আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারীদের জন্য তথ্য পুস্তিকা* (IPO 1) তে দেয়া তথ্যাবলিকে প্রতিস্থাপিত করে।

**আন্তর্জাতিক সুরক্ষা অফিস**
**জুলাই 2018**